১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩০ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মো: আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

তারিখ ঃ ১৬/০৯/২০২১ খ্রিস্টাব্দ।

সময় ঃ বেলা ১১.৩০ মিনিট

সভাস্থল ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্যকার সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, কুমারখালী ও সভাপতি উপজেলা মাসিক উন্নয়ন সমন্বয় কমিটি কুমারখালী, কুষ্টিয়ার সভাপতিত্বে শুরু করা হয়। অত:পর সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য ৭৮,কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা উপজেলা পরিষদ কুমারখালী, কুষ্টিয়াসহ অন্যান্য সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ১২ আগষ্ট ২১ খ্রি. তারিখের ২৯ তম মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগীয় ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাক্রমে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় ঃ-

অনুঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**স্বাস্থ্য বিভাগ ঃ** সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীতে কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ করা হয়েছে ১২,৬৪৪ জন এর মধ্যে থেকে পজেটিভ ২৫৬৬ জন, সুস্থ ২৪১৩ জন, মৃত হয়েছে ১০৫ জন, আইসোলেশন আছেন ৪৮ জন, কোভিড-১৯ এর প্রথম ডোজ গ্রহণ করেছেন ৪৮,২২০ জন এবং ২য় ডোজ গ্রহণ করেছেন ২৩,৩২৩ জন। তিনি আরও জানান সরকারি এ্যাম্বুলেন্স চালু আছে। বর্তমানে নিয়মিত ভাবে এক্স-রে, ইসিজি ও আল্ট্রোসনোগ্রাম করা হয়। আগষ্ট/২১ মাসে বহিঃ বিভাগে ৭১১৫ জন রোগী ও আন্তঃ বিভাগে ৭০৭ জন রোগী এবং জরুরি বিভাগে ১,৪৮৪ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। বেড অকুপেন্সী রেট ঃ-১১৭%। আগষ্ট/২১ মাসে কমিউনিটি ক্লিনিকে ২৯,৮৫২ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে, কোভিড-১৯ এর টিকা সুস্থভাবে প্রদানের লক্ষে আনসার সদস্য পদায়ন অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০২	**কুমারখালী পৌরসভা ঃ** সভায় মেয়র কুমারখালী জানান পৌরসভার জনগুরুত্বপূর্ণ ১৪ কোটি টাকার কাজ চলমান আছে। উক্ত কাজ শেষ পর্যায়ে আছে। বর্তমানে জলাবদ্ধতা পৌরসভাতে একটি বড় সমস্যা এলজিএসপি থেকে ড্রেন এর অনুমোদন পাওয়া গেলে সমস্যার সমাধান করা যাবে। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন, বর্ষা মৌসুমে পানির লেভেল পরিমাপ করে ড্রেন নির্মাণ করলে জলাবদ্ধতা দুর করার আশানুরুপ ফল পাওয়া যাবে। তিনি প্যানেল মেয়রের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া পৌরসভার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র কুমারখালী পৌরসভা কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

০৩	**মৎস্য বিভাগ ঃ** সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান, আগামী মাসের ০৪/১০/২১ খ্রি. থেকে ২৫/১০/২১ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন ইলিশ মাছ ধরা, পরিবহন, বাজারজাত করা সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। এই সময় সকলে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন এবং ১৪ টি সরকারি জলাশয়/প্রতিষ্ঠান পুকুরে ৪৬৭ কেজি মৎস্য পোনা অবমুক্ত করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং মা ইলিশ রক্ষায় সকলে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া ও সংশ্লিষ্ট সকলে ।
০৪	**প্রাণিসম্পদ বিভাগ ঃ** সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান আগষ্ট/২১ মাসে ১,১১০ টি গবাদিপশু ও ৯,২৭৫ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে, গাভী ও বকনা ১,৯১৯ টি কৃত্রিম প্রজনন প্রদান করা হয়েছে এবং টিকাবীজ বিক্রয় ও কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আদায় হয়েছে- ৬৬,৯৯৫/- টাকা। নতুন খামার ০৭ টি রেজিষ্ট্রেশন করা হয়েছে এবং নবায়ন করা হয়েছে ০৩ টি। এই খাতে রাজস্ব আদায় হয়েছে ১৪০০ টাকা।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী।
০৫	**কৃষি বিভাগ ঃ** সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান ৫০% ভুর্তকি মূল্যে বিভিন্ন ক্যাটাগরিতে কৃষি যন্ত্রপাতি গ্রহনের জন্য আবেদন করেছেন। অনুমোদিত যন্ত্রপাতি থেকে আবেদনকারীর সংখ্যা বেশি হলে লটারীর মাধ্যমে নির্বাচন করে কৃষি যন্ত্রপাতি প্রদান করা হবে। গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের জন্য কৃষক পর্যায়ে বীজ ও সার প্রদান করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া
০৬	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান, JIKA প্রকল্পের নতুন ০২টি প্রকল্পের কাজের অগ্রগতি ৮০ শতাংশ এবং ০২টি পাকেজ এর দরপত্র আহবান করা হয়েছে। এলজিইডির মাধ্যমে গড়াই নদীর উপর ৬৫০ মিটার ব্রীজ নির্মাণ কাজের অগ্রগতি ৫০ শতাংশ, পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কাজ চলমান, প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী কক্ষ সম্প্রসারন কাজ চলমান আছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে একজন ইলেকট্রিশিয়ান আছেন। তিনি নিয়মিত অফিস করেননা। অফিস চলমান অবস্থায় তার নিজস্ব দোকানে ক্রয় বিক্রয় করে থাকেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত ইলেকট্রিশিয়ান এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।
০৭	**আইন শৃঙ্খলা ঃ** সভায় অফিসার ইনচার্জ কুমারখালী থানা জানান বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। আইন শৃঙ্খলা পরিস্থিতি সাভাবিক রাখার স্বার্থে সকলেই যথাযত দায়িত্ব পালন করলে আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হবেনা। তিনি আরও জানান থানায় মামলা/জিডি অথবা অন্যান্য কার্যক্রমে কোন মধ্যস্বত্তা ভোগী সুবিধা আদায় করতে চাই তাহলে তৎক্ষনিক অবহিত করার জন্য অনুরোধ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে থানায় মামলা/জিডি করার সময় কেউ সুবিধা ভোগ করতে চাইলে তৎক্ষনিক অফিসার ইনচার্জ কুমারখালী থানাকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ কুমারখালী থানা ও সংশ্লিষ্ট সকলে।

CS CamScanner

০৮	**মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান ১২ আগষ্ট থেকে বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে। সকাল ১০ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী এবং শিক্ষক/শিক্ষিকা স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধান করে ক্লাস পরিচালনা করছেন কিনা। সেজন্য বিদ্যালয় পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দয়রামপুর দাখিল মাদ্রামসার মাঠ জলাবদ্ধতা নিরসন করার জন্য ১,৫০,০০০/- এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা বরাদ্দ করার জন্য মাননীয় সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ বিদ্যালয় পরিদর্শন করবেন এবং মীর মশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের হাইজিন কর্ণারের কাজ নিবিড় তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইফনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ কুমারখালী, কুষ্টিয়া।
০৯	**উপজেলা শিক্ষা বিভাগ ঃ** সভায় নবাগত উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান মাতৃত্বজনিত, অসুস্থতা ও বয়স জনিত কারনে শিক্ষকদের মধ্যে অনেকেই টিকা গ্রহণ করতে পারেননি। টিকা গ্রহণের হার ৯৯ শতাংশ। বিদ্যালয় খোলার প্রস্তুতির জন্য ২০২০-২০২১ অর্থ বছরে ১৪৭ টি বিদ্যালয়ের অনুকূলে স্লিপ থেকে বরাদ্দ রাখা হয় এবং অর্থ ছাড় করা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে ১২/০৯/২১ খ্রি. তারিখ হতে বিদ্যালয় খোলা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা অনুযায়ি আগামী একমাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের টিকা প্রদান করা হবে। সেজন্য সকলকে সগযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
১০	**সমবায় বিভাগ ঃ** সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান ১০টি আশ্রায়ণ প্রকল্পের আবাসন কর্তৃক ঋণ প্রাপ্তি ৫৩.২০ বিতরনকৃত ঋণ (ঘূর্ণায়মানসহ) ১০৪.০২ টাকা আদায়কৃত ঋণ (ঘূর্ণায়মানসহ) ৭০.৩৯ টাকা। অডিট বাবদ রাজস্ব আদায় পূর্বক জমা প্রদান করা হয়েছে ৩,৩২,০০০/- টাকা এবং ৭২,০০০/- টাকা আদায় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া ।
১১	**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান আগষ্ট/২১ মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনামূল্য স্বাভাবিক ডেলিভারীসেবা-১২জন,বয়ঃসন্ধিকালীন/প্রজনন স্বাস্থ্য সেবা-৪৪০৪ জন, পুষ্টি সেবা চলমান-৩৮৫৩ জন, আগষ্ট/২১ মাসে ৬৪২৬ জন প্রসূতি মাকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। এছাড়া সিএসবিএ কর্তৃক বিনামূল্য স্বাভাবিক ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-০৬ জন এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১২	**ত্রাণ শাখা ঃ** সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রতিনিধি জানান ২০২১-২০২২ অর্থ বছরে কাবিখা প্রকল্পের	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং কাবিখা প্রকল্পের	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,

	অনুকূলে নগদ টাকা এবং খাদ্য শস্যর বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে প্রকল্প দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	অনুকূলে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	কুমারখালী, কুষ্টিয়া ও সংশ্লিষ্ট সকলে।
১৩	**সমাজসেবা বিভাগ ঃ** সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১৪	**যুব উন্নয়ন বিভাগ ঃ** সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা যুব উন্নয়ন কার্যালয় মেরামত করার জন্য সভায় উপস্থাপন করা হলেও এখন পর্যন্ত মেরামত করা সম্ভব হয়নি। মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ পর্যন্ত কতজন যুবককে সাবলম্বী করা হয়েছে। তিনি জানান গত বছর ৩৬ জন যুবকের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে এবং চলতি বছরে ১২ জনকে ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী।
১৫	**মহিলা বিষয়ক বিভাগ ঃ** সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান আগষ্ট/২১ মাসে ভিজিডি সুবিধাভোগীর অনুকূলে চাউল বিতরণ সম্পন্ন করা হয়েছে, প্রতি ইউনিয়নে ১৯৫ টি মাতৃত্বকালীন ভাতাভোগী চলমান আছে। গত মাসে ০৩ টি বাল্য বিবাহ বন্দ করা হয়েছে এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১৬	**জনস্বাস্থ্য বিভাগ ঃ** সভায় উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা জানান গত বছরের টিউবয়েল স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে আছে। এছাড়া ০৬ টি ওয়াশ-ব্লক নির্মাণ কাজ চলমান আছে। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন নলকুপ স্থাপন কাজ প্রচুর সময়ের ব্যাপার একজন সুবিধাভোগী নলকুপের আশায় এক বছর অতিবাহিত করবেন, এটা গ্রহণ যোগ্য নয়। সেজন্য যোগ্য ঠিকাদার নির্বাচন করার জন্য অনুরোধ করেন। তাছাড়া অফিস কর্তৃক কাজের কোন প্রশ্ন উঠলেও অফিসকে ছাড় প্রদান করা হবেনা।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নলকুপ স্থাপন দ্রুত করার জন্য উপ-সহকারি প্রকৌশলী উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
১৭	**আবাসিক প্রকৌশলী** সভায় আবাসিক প্রকৌশলী কুমারখালী জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।
১৮	**পল্লী বিদ্যুৎ বিভাগ ঃ** সভায় ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী জানান বর্ষা মৌসুমে গাছের ডাল বেড়ে যওয়ায় সাময়িক বিদ্যুৎ বিভ্রাট হওয়ার জন্য দু:খ প্রকাশ করেন। বর্তমানে সিষ্টেম লস কম আছে। এছাড়া মালামাল পর্যাপ্ত না থাকায় সেচ লাইসেন্স এর সংযোগ দিতে সমস্যা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী, কুষ্টিয়া।
১৯	**পল্লী উন্নয়ন বিভাগ ঃ**		

CS CamScanner

	সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান পল্লী বিভাগে ০৫ টি প্রকল্প চলমান আছে। কুমারখালী ইউসিসিএ লিঃ এর অনুকূলে ২০ লক্ষ টাকা ঋণ ফান্ড পাওয়া গেছে চলতি অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে ৫.৩৫ লক্ষ টাকা। দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সমৃদ্ধ উচ্চমুল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরন কর্মসূচী শীর্ষক প্রকল্পের অনুকূলে ৩০ লক্ষ ঋণ ফান্ড পাওয়া গেছে। এই খাতে ঋণ বিতরণ করা হয়েছে ১৫.৫৫ লক্ষ টাকা। পল্লী প্রগতি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ ১৪৪.১৮ লক্ষ টাকা এবং আদায়ের পরিমান ১০২.৬৩ লক্ষ টাকা মাঠে বকেয়া আছে ৪১.৫৫ লক্ষ টাকা। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২০	**সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ঃ** সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান তিনটি বিদ্যালয়ে হাইজিন কর্ণনার নির্মাণ কাজ চলমান আছে। এবং ০৬ টি মাধ্যমিক বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ ও স্বাস্থ্য কমপ্লেক্স-এ ডিজিটাল এক্সরে মেশিন সরবরাহ করার জন্য দরপত্র আহবান এর কাজ শেষ হয়েছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কুমারখালী, কুষ্টিয়া।
২১	**বন বিভাগ ঃ** সভায় উপজেলা বন কর্মকর্তা জানান জানান বর্ষা মৌসুমে চাঁদপুর ইউপিতে বনায়ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন-বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
২২	**খাদ্য বিভাগ ঃ** সভায় উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা জানান, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া
২৩	**আনসার ভিডিপি ঃ** সভায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা অনুউপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
২৪	**পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** সভায় ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, কুমারখালী জানান জুলাই/২১ মাসে ২০০ জন সদস্যর মাঝে ঋণ বিতরণ করা হয়েছে ৬০.৮৪ লক্ষ টাকা, একই সাথে ঋণ আদায় হয়েছে ৮০.০০ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ২.৫০ লক্ষ টাকা এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান অনাদায়ী ঋণ আদায় কার্যক্রম আরও গতিশীল করতে হবে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সমন্বকারী আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী, কুষ্টিয়া
২৫	**তথ্যসেবা কর্মকর্তা ঃ** সভায় তথ্যসেবা কর্মকর্তা জানান, এই পর্যন্ত ১৪,৭৭৪ জনকে তথ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১০জন নারী উদ্যাক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	তথ্যসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২৬	**আইসিটি বিভাগ ঃ**		

CS CamScanner

	সভায় সহকারি প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী জানান ওয়েব পোর্টালে কিছু কিছু সরকারি অফিসের কর্মকর্তার নাম পরিবর্তন করা হয়নি। এছাড়া সরকারি সকল কাজের তালিকা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল সরকারি/আধাসরকারি দপ্তর কুমারখালী, কুষ্টিয়া।

২৫। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত প্রকল্প সংশোধন প্রসঙ্গে ঃ**

সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সমন্বয়কারী জানান যে, ২০১৮-২০২১৯ অর্থ বছরে উপজেলা পরিষদ থেকে ০৫ (পাঁচ) টি হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্প কার্যালয় থেকে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে দরপত্র আহবান করে বিভিন্ন বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু নন্দলালপুর ইউনিয়নের আলাউদ্দিন নগর মাধ্যমিক বালিকা বিদালয়ে হাইজিন কর্ণার নির্মাণে উপযুক্ত জায়গা না থাকায় বিদ্যালয় কর্তৃপক্ষ নিচু জায়গায় হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য অনুরোধ করেন। কিন্তু বাস্তবতার আলোকে উক্ত স্থানে হাইজিন কর্ণার নির্মাণ করা সম্ভব নয়। সেজন্য আলাউদ্দিন নগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিবর্তে অন্য একটি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য সভায় তিনি প্রস্তাব উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আলাউদ্দিন নগর মাধ্যমিক বালিকা বিদালয়ের পরিবর্তে পান্টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া পান্টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে প্রকল্প দপ্তরকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

২৬। **চাপড়া ইউপির রাস্তা আইডি করন সংক্রান্ত ঃ**

সভায় উপজেলা প্রকৌশলী জানান, চাপড়া ইউনিয়নের লাহিনী পাড়া আলতাফ খার বাড়ির পাকা রাস্তা হতে জলিল মাষ্টার এর বাড়ি ভায়া সিরাজের রাইচ মিল পর্যন্ত রাস্তাটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ। প্রতিদিন উক্ত রাস্তাটিতে এলাকার শতশত জনসাধারণ চলাচল করে থাকেন। তাছাড়া গড়াই নদীর তীরে উৎপাদিত কৃষি ফসল কৃষক এই রাস্তা দিয়ে পরিবহন করে থাকেন। সেজন্য রাস্তাটি উন্নয়ন করা প্রয়োজন। কিন্তু রাস্তাটি এলজিইডি এর আইডি ভুক্ত না হওয়ার কারণে উন্নয়ন করার জন্য প্রস্তাব প্রেরণ করা সম্ভব হচ্ছে না। সেজন্য রাস্তাটি আইডি ভুক্ত করার লক্ষে উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য তিনি উপসস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চাপড়া ইউনিয়নের লাহিনী পাড়া আলতাফ খার বাড়ির পাকা রাস্তা হতে জলিল মাষ্টার এর বাড়ি ভায়া সিরাজের রাইচ মিল পর্যন্ত রাস্তাটি আইডি ভুক্ত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

২৭। **অপ্রত্যাশিত খাত : অগ্নিকান্ড ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ্যদের মাঝে আর্থিক সহয়তা প্রসঙ্গে ঃ**

ক) সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, অগ্নিকান্ডে বাসাবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ বিভিন্ন সময়ে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বরাবর আবেদন করেছেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অগ্নিকান্ডে ক্ষয়ক্ষতির জন্য আর্থিক অনুদান প্রদানের জন্য সুপারিশ পত্র প্রেরণ করেছেন। উক্ত আবেদন গুলো সভায় তিনি উপস্থান করেন। উপস্থাপিত তালিকা নিম্নরুপ ঃ

ক্র: নং	নাম ও পিতার নাম	গ্রাম+ইউপি	উপজেলা	অগ্নিকান্ডের তারিখ	ক্ষয়ক্ষতির পরিমান	মন্তব্য
০১	মোঃ রাজিব শেখ, পিতা- ফিরোজ শেখ	সাং- বহলা, ইউপি- চাপড়া	কুমারখালী	৮/০৯/২০২১	আনুমানিক ৫,০০,০০০/-	
০২	মোঃ আইয়ুব আলী, পিতা- আব্দুল করিম	সাং- শ্যামপুর, ইউপি- চাপড়া	কুমারখালী	১৬/০৪/২০২১	আনুমানিক ৩,৭০,০০০/-	
০৩।	মোঃ সুরুজ আলী, পিতা- আক্কাস আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	২৯/০৪/২০২১	আনুমানিক-২,৫০,০০০/-	
০৪।	মোঃ বাবুল পিতা- মৃত আক্কাস আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	২৯/০৪/২০২১	আনুমানিক-১,৫০,০০০/-	
০৫।	মোঃ আবুল কাশেম, পিতা-লিয়াকত আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	২৯/০৪/২০২১	আনুমানিক-১,৫০,০০০/-	
০৬।	রেজাউল ইসলাম, পিতা-মৃত আক্কাস আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	২৯/০৪/২০২১	আনুমানিক-২,৫০,০০০/-	
০৭।	মোঃ বিল্লাল হোসেন, আনসার আলী	সাং- পরানপুর, ইউপি- যদুবয়রা	কুমারখালী	০৩/০৫/২০২১	আনুমানিক ১,৫০,০০০/-	

সিদ্ধান্ত ঃ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা সংশোধিত ২০১৪ এর ৫ ধারার ঘ উপধারা মোতাবেক অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ্য পরিবারের অনুকূলে নিম্নোক্ত ছকে আর্থিক অনুদানের পরিমাণ সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। উল্লেখ্য সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্থ ব্যক্তির অনুকূলে চেক প্রদানের সিদ্ধান্ত গ্রহিত হয়।

CamScanner

ক্র: নং	নাম ও পিতার নাম	গ্রাম+ইউপি	উপজেলা	ক্ষয়ক্ষতি গ্রস্থ পরিবারের অনুকূলে আর্থিক সহায়তার পরিমাণ	মন্তব্য
০১	মোঃ রাজিব শেখ, পিতা- ফিরোজ শেখ	সাং- বহলা, ইউপি- চাপড়া	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	
০২	মোঃ আইয়ুব আলী, পিতা- আব্দুল করিম	সাং- শ্যামপুর, ইউপি- চাপড়া	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	
০৩।	মোঃ সুরুজ আলী, পিতা- আক্কাস আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	
০৪।	মোঃ বাবুল পিতা- মৃত আক্কাস আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	
০৫।	মোঃ আবুল কাশেম, পিতা-লিয়াকত আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	
০৬।	রেজাউল ইসলাম, পিতা-মৃত আক্কাস আলী	সাং- দুধকমড়া, ইউপি- বাগুলাট	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	
০৭।	মোঃ বিল্লাল হোসেন, আনসার আলী	সাং- পরানপুর, ইউপি- যদুবয়রা	কুমারখালী	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	

২৮। বিবিধ আলোচনা

ক) ফুলকুড়ি কিন্ডার গার্ডেন এর অভ্যন্তরে মরা মেহগনি গাছ কর্তন সংক্রান্ত :

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান উপজেলা পরিষদের মালিকানাধীন ফুলকুড়ি কিন্ডার গার্ডেন এর অভ্যন্তরে মরা মেহগনি গাছ আছে। উক্ত গাছ কর্তৃন না করলে গাছ ভেঙ্গে যে কোন সময় মারাত্বক দুর্ঘটনা ঘটতে পারে সেজন্য গাছ কর্তৃনের প্রয়োজনীয় ব্যবস্থ্যা গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ফুলকুড়ি কিন্ডার গার্ডেন এর অভ্যন্তরে উপজেলা পরিষদের মালিকানাধীন মরা মেহগনি গাছ কর্তৃনের লক্ষে গাছের মূল্য নির্ধারণের জন্য সামাজিক বনবিভাগ, কুষ্টিয়ার বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

রাস্তা উন্নয়ন সংক্রান্ত : সভায় সদকী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান সরকারের সাফল্য অনেকটা নির্ভর করে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের উপর। কিন্তু কুমারখালী উপজেলায় সেটি মিলান হওয়ার উপক্রম। তিনি জানান তার বাড়ির পাশের রাস্তাটি গত তিন বছর যাবত রাস্তা উন্নয়নের কাজ চলমান আছে। ফলে সেখানে বিভিন্ন ধরনের দুর্ঘনার সম্মুখিন হতে হচ্ছে। এই সময় স্থানীয় জনপ্রতিনিধিসহ সরকারকে আসামীর কাঠ গড়ায় দাড় করায় ভুক্তভোগি জনসাধারন।

চেয়ারম্যান জগন্নাথপুর ইউনিয়ন পরিষদ জানান চর জগন্নাথপুর ও হোগলা গ্রামের রাস্তা দুটি চলাচলের একে বারেই অযোগ্য এমনকি পায়ে হেঁটে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। সেজন্য রাস্তা দুইটি উন্নয়ন করার জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ জানান যে, গত অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ এখন পর্যন্ত শেষ করা হয়নি। মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য জনপ্রতিনিধি/সরকারি কর্মকর্তা কতুটুকু দায়িত্ব পালন করেন তা প্রশ্নের সম্মুখীন। পল্লী এলাকায় স্বাস্থ্য খাত অত্যন্ত নাজুক অবস্থা। আমার জানামতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইউনিয়ন স্বাস্থ্য কমিটির সভাপতি। সেই কমিটির স্বাস্থ্য কর্মী/সদস্য সচিব ৫-৬ মাস অন্তর অন্তর রেজুলেশন প্রস্তুত করে স্বাক্ষর গ্রহণের জন্য আসেন। কোন ধরনের প্রশ্ন করলে বলেন সব ঠিক আছে। বিষয়টি সভাপতির মাধ্যমে স্বাস্থ্য কর্মকর্তার দৃষ্টি আর্কষণ করেন।

খ) মাননীয় সংসদ সদস্য ঃ

মাননীয় সংসদ সদস্য জনাব ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ ৭৮, কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা উপজেলা পরিষদ কুমারখালী জানান যে, কৃষি কার্ড এক শ্রেনীর অসাধু ব্যবসায়ীর হাতে তারা সরকার কর্তৃক প্রণোদনার সার ও বীজ স্থানীয় কৃষি অফিস থেকে উত্তোলন করে বিক্রয় করেন। সেজন্য প্রকৃত কৃষক এর হাতে কৃষি কার্ড প্রদানের জন্য কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন উপজেলার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আবাসন সম্যসা দীর্ঘদিনের পুরাতন উপজেলা সৃষ্টি লগ্নে ভবন তৈরী হয় নতুন কোন ভবন নির্মাণ না হওয়ার ফলে আবাসন সম্যসা প্রকট। সেজন্য স্থানীয় পর্যায়ে পুরাতন ভবন সংস্কার করে বসবাসের উপযোগী করার জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষণ করেন। কুমারখালী উপজেলাতে প্রায় ৭০০ কি: মি: রাস্তা আছে। সেখানে ১০০-১৫০ কি:মি: রাস্তা চলাচলের জন্য সম্যসা হতেই পারে। তিনি বলেন রাস্তা সংস্কারের কিছু দিনের মধ্যেই রাস্তা ভেঙ্গে যাচ্ছে। সেটা কখনই গ্রহণ যোগ্য সমাধান হতে পারেনা। সেজন্য রাস্তা নির্মাণ করার সময় দ্রুত সময়ের মধ্যে কাজ শেষ করা এবং কাজের গুণাগত মান বজায় রাখার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমান সরকার জনগণের সরকার জনসাধারনের জীবণমান উন্নয়নের লক্ষে কাজ করছে। উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে বয়স্ক,বিধবা,প্রতিবন্ধীসহ বিভিন্ন ধরনের ভাতা প্রদান করা হয়। উক্ত ভাতা এই সকল অসহয় মানুষের মাঝে সহজেই পৌছানোর লক্ষে নগদ হিসাবের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হয়। একজনের ভাতার টাকা অন্য ভাতাভোগী/ ভাতাভোগীগন তাদের নগদ

হিসাবে টাকা যাবে তা গ্রহণযোগ্য নয়। তাছাড়া উপজেলা সমাজসেবা কার্যালয় এর দায় থেকে অব্যাহতি পেতে পারেনা। সেজন্য নিবিড় তদারকি করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।

গ) <u>উপজেলা পরিষদ চেয়ারম্যান ঃ</u>

সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী জানান করোনাকালীন সময়ে দীর্ঘ এক বছর অন লাইনে সভা পরিচালনা করা হত। আজ সরাসরি সভায় অংশগ্রহণ করার জন্য উপস্থিত সদস্যদের অভিনন্দন জানান। তিনি বলেন পৌরসভাতে জলাবদ্ধতা মারাত্বক রুপ ধারণ করছে। এই জলাবদ্ধতার জন্য উপজেলা পরিষদের মধেই হাঁটু পানি হচ্ছে। ফলে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপজেলা থেকে সেবা পেতে ভোগান্তির সম্মুখীন হচ্ছেন। এই জলাবদ্ধতা নিরসনের জন্য মেয়র,কুমারখালী পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান জগন্নাথপুর ইউনিয়ন ও সদকী ইউনিয়ন এই দুই ইউনিয়নের পানি মোড়াগাছা খাল হয়ে গড়াই নদীতে প্রবেশ করে। কিন্তু খালের কালভার্ট গুলোর মুখ বন্ধ করার ফলে জলাবদ্ধতা তৈরী হচ্ছে। উক্ত জগন্নাথপুর ও সদকী ইউনিয়নের জলাবদ্ধতা নিরসনের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ করেন।

২৯। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিম্নোক্ত ব্যয়/ ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয় ঃ-

১।	অপ্যায়ন-	২৯,৭৭৫/-
২।	আনুষঙ্গিক-	৫,০০০/-
৩।	উপজেলা পরিষদ চেয়রারম্যান অফিস কক্ষের ইলেকট্রিক লাইন মেরামত ও ইলেকট্রিক লাইট ক্রয় এবং মজুরি বিল বাবদ দুইটি সিলিং ফ্যান ক্রয় বাবদ	৩,৫৮৫/-
৪।	আগষ্ট/২১ মাসের ইন্টারন্টে বিল বাবদ-	১,৫০০/-
৫।	উপজেলা পরিষদ অফিস কার্যালয়ের মে ও জুন/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ	১১,৭৯৯/-
৬।	উপজেলা পরিষদ পানির পাম্প মেশিনের মে ও জুন/২১ মাসের বিদ্যুৎ বিল বাব	২২,৮০৩/-

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া

CamScanner

। সেজন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং-৪৬.৪৬.৫০৭১.০১৪.০০.০০৩.২১- ৪২

১৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ ঃ-------------------------
৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। জনাব সেলিম আলতাফ জর্জ, মাননীয় সংসদ সদস্য, ৭৮কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী কুষ্টিয়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৭। উপজেলা .... অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান..ইউপি, কুমারখালী, কুষ্টিয়া।
৯। অফিস কপি।

B.Kmandal
৩০/০৯/২১

বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩০ তম সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা

"পরিশিষ্ট- ক"

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
০১।	মোঃ সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০২।	ডাঃ মোঃ আকুল উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৩।	মেরিনা আক্তার মিনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০৪।	ডাঃ মোঃ নুরে আলম সিদ্দিকী, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কুমারখালী, কুষ্টিয়ার	স্বাক্ষরিত
০৫।	মাহামুদুল হাসান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয় কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৬।	রাকিবুল হাসান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, কুমারখালী থানা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৭।	মোঃ নওশের আলী বিশ্বাস, চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৮।	দেবাশীষ কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৯।	মোঃ মোস্তাফিজুর রহমান উপজেলা শিক্ষা অফিসারের পক্ষে, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১০।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১১।	মোঃ আলাউদ্দিন খান, চেয়ারম্যান, বাগুলাট ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১২।	মোঃ ফিরোজ আহমেদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৩।	মোঃ মাহামুদুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৪।	ফেরদৌস নাজনীন, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৫।	মোঃ পারভীন খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৬।	মোঃ আব্দুল মজিদ চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৭।	মোঃ তোফাজ্জেল হোসেন, চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৮।	মোঃ সাইদ হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৯।	মোঃ আলামিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী	স্বাক্ষরিত
২০।	মোঃ সালাউদ্দিন খান তারেক, চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২১।	আব্দুর রহিম, উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২২।	মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৩।	ময়না খাতুন, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৪।	মোঃ ইশতিয়াক শাহরিয়ার, সহকারি প্রোগ্রামার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৫।	মোঃ সেলিম আহমেদ, শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৬।	ফারুক আহমেদ খান, চেয়ারম্যান, জগন্নাথপুর, ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৭।	মোঃ শরিফুল আলম, চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৯।	এস এম রফিকুল ইসলাম, প্যানেল মেয়র, কুমারখালী পৌরসভা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩০।	মোঃ জামশেদ ইকবালুর রহমান, ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩১।	মোহম্মদ আলী, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩২।	মোঃ আইয়ুব আলী, ইনচার্জ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ষ্টেশন, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৩।	আব্দুর রশিদ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৪।	মোঃ আব্দুল হালিম, যুব উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	স্বাক্ষরিত
৩৫।	তানভিনা আক্তার রুমা, তথ্য সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৬।	জগতি রায়, এজিএম পল্লী বিদ্যুৎ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৭।	ইঞ্জিঃ আব্দুর রশিদ, আবাশিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৮।	বিপ্লব কুমার সাহা, সমন্বয়কারী ইউডিএফ কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৯।	উপজেলা বন বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

০১।	মনির হাসান রিন্টু, চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০২।	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৩।	মোঃ রাশিদুজ্জামান, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৪।	চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৫।	মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, কুষ্টিয়া।	
০৬।	মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৭।	তামান্না ইয়াছমিন, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	

CamScanner